উপজেলা পরিষদ
রাজবাড়ী সদর, রাজবাড়ী।

রাজবাড়ী সদর উপজেলা পরিষদের অক্টোবর/২০২১ মাসে অনুষ্ঠিত (২৯ তম) মাসিক সভার কার্যবিবরণী।

সভাপতি : জনাব মোঃ ইমদাদুল হক বিশ্বাস
চেয়ারম্যান
উপজেলা পরিষদ
রাজবাড়ী সদর, রাজবাড়ী।

তারিখ : ২৪/১০/২০২১ খ্রিঃ, সময় : বেলা ১১.০০ ঘটিকা।

স্থান : উপজেলা পরিষদের সম্মেলন কক্ষ, রাজবাড়ী সদর, রাজবাড়ী।

সভায় উপস্থিত সদস্যবৃন্দের তালিকা : পরিশিষ্ট "ক" দ্রষ্টব্য।

সভাপতি উপস্থিত সকল সদস্যকে স্বাগত জানিয়ে সভার কার্যক্রম শুরু করেন। সভায় রাজবাড়ী-১ আসনের মাননীয় জাতীয় সংসদ সদস্য ও সাবেক শিক্ষা প্রতিমন্ত্রী ও উপজেলা পরিষদের উপদেষ্টা জনাব আলহাজ্ব কাজী কেরামত আলী মহোদয় উপস্থিত ছিলেন।

অতঃপর সভাপতির অনুমতিক্রমে উপজেলা নির্বাহী অফিসার, রাজবাড়ী সদর, রাজবাড়ী কর্তৃক উপজেলা পরিষদের সভার আলোচ্যসূচি মোতাবেক কার্যক্রম পরিচালনা করা হয়। রাজবাড়ী-১ আসনের মাননীয় জাতীয় সংসদ সদস্য ও সাবেক শিক্ষা প্রতিমন্ত্রী ও উপজেলা পরিষদের উপদেষ্টা জনাব আলহাজ্ব কাজী কেরামত আলী মহোদয় শত ব্যস্ততার মাঝেও সভায় উপস্থিত হওয়ায় তিনি আন্তরিক ধন্যবাদ ও কৃতজ্ঞতা প্রকাশ করেন।

০২। বিগত সভার কার্যবিবরণী পাঠ ও অনুমোদন :
সভার শুরুতে বিগত সভার কার্যবিবরণী পাঠ করে শুনানো হয় এবং কোন সংশোধনী না থাকায় উহা দৃঢ়ীকরণ করা হয়।

০৩। সভায় নিম্নরূপভাবে বিভাগওয়ারী আলোচনা ও সিদ্ধান্ত গৃহীত হয়।

| ক্রঃ নং | বিভাগের নাম | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নকারী কর্তৃপক্ষ |
|---|---|---|---|---|
| ০১ | উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা বিভাগ | উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা কর্মকর্তা, রাজবাড়ী সদর, রাজবাড়ী সভায় জানান যে, রাজবাড়ী সদর উপজেলায় কোভিড-১৯ আক্রান্তের হার কমে আসছে। অক্টোবর/২১ মাসে কোভিড-১৯-এ খানগঞ্জ ০২ জন, পাঁচুরিয়া ০২ জন, মিজানপুর ০২ জন ও পৌরসভায় ০৬ জনসহ মোট ১১ জন আক্রান্ত হয়েছে। তিনি বলেন, রাজবাড়ী সদর উপজেলা স্বাস্থ্য কেন্দ্রে অক্টোবর/২১ মাসে সাইনোফার্ম ভ্যাকসিন ৪৯,৮০২ ডোজ ও অক্সফোর্ড-অ্যাস্ট্রাজেনেকা ভ্যাকসিন ১৩,২০৬ ডোজ প্রদান করা হয়েছে।<br>রাজবাড়ী-১ আসনের মাননীয় জাতীয় সংসদ সদস্য জনাব আলহাজ্ব কাজী কেরামত আলী মহোদয় ইউনিয়ন পর্যায়ে ক্যাম্প করে জন সাধারণের মাঝে করোনার টিকা প্রদান কার্যক্রম চালু আছে কিনা জানতে চাইলে উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা কর্মকর্তা, রাজবাড়ী সদর বলেন যে, মাননীয় প্রধানমন্ত্রীর জন্মদিনে রাজবাড়ী সদর উপজেলার ১৪টি ইউনিয়নে বিশেষ ক্যাম্প করে ১২০০ করে কোভিড-১৯ এর টিকা দেয়া হয়েছে। | কার্যক্রম পরিচালনার ধারাবাহিকতা অব্যাহত রাখতে হবে। | উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা কর্মকর্তা, রাজবাড়ী সদর, রাজবাড়ী। |
| ২ | উপজেলা কৃষি বিভাগ | উপজেলা কৃষি অফিসার, রাজবাড়ী সদর, রাজবাড়ী বলেন যে, ২০২১-২২ অর্থ বছরের কৃষি প্রণোদনা কর্মসূচির আওতায় ৮৮৭০ জন কৃষকদের মাঝে বিনামূল্যে প্রণোদনা বীজ ও সার বিতরণের জন্য রবি মৌসুমে সরিষা, মুসুরী, খেসারি, গম, ভূট্টা, পিয়াজ এবং মুগের বরাদ্দ পাওয়া গেছে। রবি মৌসুমে এই সব উৎপাদন বৃদ্ধির লক্ষ্যে যথাসময়ে বিতরণের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য সংশ্লিষ্ট সকলকে অনুরো করা হয়। এছাড়া বিভাগীয় অন্যান্য কাজ স্বাভাবিকভাবে চলছে। | কার্যক্রম পরিচালনার ধারাবাহিকতা অব্যাহত রাখতে হবে। | উপজেলা কৃষি অফিসার, রাজবাড়ী সদর, রাজবাড়ী। |

| | | | | |
|---|---|---|---|---|
| ০৩ | উপজেলা প্রাণিসম্পদ বিভাগ | উপজেলা প্রাণিসম্পদ কর্মকর্তা, রাজবাড়ী সদর বলেন যে, উপজেলা প্রাণিসম্পদ কর্মকর্তা, রাজবাড়ী সদর; রাজবাড়ী-১ আসনের সম্মানিত সংসদ সদস্য আলহাজ্ব কাজী কেরামত আলী মহোদয়ের প্রতি কৃতজ্ঞতা প্রকাশ করে বলেন, এমপি মহোদয় রাজবাড়ীর প্রাণিসম্পদ সংশ্লিষ্ট সকলের জন্য অধিকতর সুযোগ সুবিধা নিশ্চিত করার জন্য প্রাণিসম্পদ অধিদপ্তরের মহাপরিচালক মহোদয়ের সাথে কথা বলেছেন। এর প্রেক্ষিতে রাজবাড়ী সদর উপজেলায় নিরাপদ, স্বাস্থ্যসম্মত, আধুনিক এবং আন্তর্জাতিক মানের একটি কসাইখানা নির্মিত হবে। এই উদ্দেশ্যে প্রাণিসম্পদ ও ডেইরী উন্নয়ন প্রকল্প (এলডিডিপি) এর চিফ টেকনিক্যাল কো-অরডিনেটর এর মধ্যেই রাজবাড়ী সফর করেছেন।<br>তিনি আরও বলেন যে, জলাতঙ্ক একটি মারাত্মক রোগ। এই রোগে আক্রান্ত হলে মানুষ এবং প্রাণী মারা যায়। এই রোগ প্রতিরোধে প্রাণিসম্পদ বিভাগ ব্যাপক প্রচারণা চালাচ্ছে এবং রাজবাড়ী সদরে প্রতিটি ট্রেইনিং প্রোগ্রামে জলাতঙ্ক বিষয়ে কমপক্ষে একটি সেশন আবশ্যিক ভাবে পরিচালিত হচ্ছে বলে প্রাণিসম্পদ কর্মকর্তা জানান।<br>এছাড়াও দুএকটি স্থানে গরুর লাম্পি স্কিন ডিজিজ (এলএসডি) এর সংক্রমণ দেখা গেছে। এই রোগ প্রতিরোধে প্রাণিসম্পদ কর্মকর্তা গরুকে টিকা দেয়ার পাশাপাশি মশারি ব্যবহারের পরামর্শ দেন, যাতে এই রোগের বাহক ডাস, মশা, মাছি প্রাণিকে কামড় দিতে না পারে। এছাড়া বিভাগীয় অন্যান্য কাজ স্বাভাবিকভাবে চলছে। | কার্যক্রম পরিচালনার ধারাবাহিকতা অব্যাহত রাখতে হবে। | উপজেলা প্রাণিসম্পদ কর্মকর্তা, রাজবাড়ী সদর |
| ০৪ | উপজেলা মৎস্য বিভাগ | সিনিয়র উপজেলা মৎস্য কর্মকর্তা, রাজবাড়ী সদর, রাজবাড়ী সভায় বলেন যে, ইলিশ সংরক্ষণে ০৪/১০/২০২১ থেকে ২৫/১০/২০২১ মেয়াদে ২২ দিনের অভিযান পরিচালিত হচ্ছে। তিনি মোবাইল কোর্ট ও অভিযান পরিচালনায় সহায়তা প্রদানের জন্য উপজেলা প্রশাসনকে ধন্যবাদ জানান। এছাড়া অভিযান ও মোবাইল কোর্ট প্রয়োজনীয় ফোর্স দিয়ে সহায়তার জন্য পুলিশ ও আনসার বাহিনীর প্রতি কৃতজ্ঞতা জ্ঞাপন করেন। তিনি সভাকে আরও জানান মৎস্য সুরক্ষা ও সংরক্ষণ আইন-১৯৫০ মোতাবেক আগামী নভেম্বর হতে জুন পযন্ত মোট ০৮ মাস জাটকা আহরণ, পরিবহন, মজুদ ও বিপনন নিষিদ্ধ। উক্ত সময়কালে অভিযান ও মোবাইল কোর্ট পরিচালনার জন্য তিনি সংশ্লিষ্ট সবার সহাযোগিতা কামনা করেন। এছাড়া বিভাগীয় অন্যান্য কাজ স্বাভাবিক ভাবে চলছে। | কার্যক্রম পরিচালনার ধারাবাহিকতা অব্যাহত রাখতে হবে। | সিনিয়র উপজেলা মৎস্য কর্মকর্তা, রাজবাড়ী সদর, রাজবাড়ী। |
| ০৫ | উপজেলা প্রকৌশল বিভাগ | উপজেলা সহকারী প্রকৌশলী, রাজবাড়ী সদর, রাজবাড়ী জানান যে, তার বিভাগীয় উন্নয়নমূলক প্রকল্পসমূহের কাজ যথাযথভাবে চলমান আছে। কোন সমস্যা নেই। | কার্যক্রম পরিচালনার ধারাবাহিকতা অব্যাহত রাখতে হবে। | উপজেলা সহকারী প্রকৌশলী, রাজবাড়ী সদর। |
| ০৬ | উপজেলা শিক্ষা বিভাগ | উপজেলা শিক্ষা অফিসার, রাজবাড়ী সদর, রাজবাড়ী সভায় বলেন, তার বিভাগীয় কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে। | কার্যক্রম পরিচালনার ধারাবাহিকতা অব্যাহত রাখতে হবে। | উপজেলা শিক্ষা অফিসার, রাজবাড়ী সদর |
| ০৭ | উপজেলা সমাজসেবা বিভাগ | উপজেলা সমাজসেবা কর্মকর্তা, রাজবাড়ী সদর, রাজবাড়ী বলেন যে, ২০২১-২২ অর্থ বছরের জুলাই হতে সেপ্টেম্বর মাসের বিভিন্ন ভাতার পে-রোল প্রেরণের কাজ চলমান রয়েছে। ৫০ টি প্রতিবন্ধী আইডি কার্ড প্রিন্ট ও বিতরণ করা হয়েছে। স্বেচ্ছাসেবী সংস্থার অনুকূলে ২০২০-২১ অর্থ বছরে (নির্ধারিত) ০৭টি অনুদানের ১,৪০,০০০/- টাকা শীঘ্রই বিতরণ করা হবে। ২০২০-২১ অর্থ বছরে ২য়, ৩য় ও ৪র্থ কিস্তিতে ক্যান্সার, কিডনী, স্ট্রোকে প্যালাইজড, লিভার সিরোসিস, জন্মগত হৃদরোগ এবং থ্যালাসেমিয়া রোগীদের অনুকূলে প্রত্যেককে ৫০,০০০/- টাকা হিসেবে ২৫,০০,০০০/- (পঁচিশ লক্ষ) টাকা বিতরণ করা হয়েছে। ২০২১-২০২২ অর্থ বছরে সাধারণ স্বেচ্ছাসেবী প্রতিষ্ঠানের মধ্যে এককালীন অনুদানের আবেদন ৩১ অক্টোবর ২০২১ পযন্ত গ্রহণ করা হবে। এছাড়া অন্যান্য কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে। | কার্যক্রম পরিচালনার ধারাবাহিকতা অব্যাহত রাখতে হবে। | উপজেলা সমাজসেবা কর্মকর্তা, রাজবাড়ী সদর, রাজবাড়ী। |
| ০৮ | উপজেলা প্রকল্প বাস্তবায়ন বিভাগ | উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা, রাজবাড়ী সদর, রাজবাড়ী জানান যে, মুজিববর্ষে "বাংলাদেশে একজন মানুষও গৃহহীন থাকবে না" মাননীয় প্রধানমন্ত্রীর এ নির্দেশনা বাস্তবায়নের লক্ষ্যে রাজবাড়ী সদর উপজেলার ভূমিহীন ও গৃহহীন পরিবারের জন্য ৩০০ টি ঘরের মধ্যে ২৮৫ টি গৃহ নির্মাণের কাজ সমাপ্ত হয়েছে। অবশিষ্ট ১৫ টি ঘরের নির্মাণ কাজ চলমান রয়েছে। টিআর, কাবিখা ও ইজিপিপি'র কাজ চলমান রয়েছে। এছাড়া বিভাগীয় অন্যান্য কাজ স্বাভাবিক ভাবে চলছে। | গৃহ নির্মাণের কাজের গুণগত মান বজায় রেখে দ্রুত গতিতে সম্পূর্ণ করার জন্য সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা, রাজবাড়ী সদর, রাজবাড়ী |

| | | | | |
|---|---|---|---|---|
| ০৯ | উপজেলা খাদ্য বিভাগ | উপজেলা খাদ্য নিয়ন্ত্রক, রাজবাড়ী সদর, রাজবাড়ী বলেন, বর্তমানে খাদ্য গুদামে ২২৭২ মেঃ টন চাউল ও ৪৬৭ মে: টন গম মজুদ আছে। তিনি সভায় বাজার দর উপস্থাপন করেন। খাদ্য বান্ধব কর্মসূচী আওতায় সেপ্টেম্বর/২০২১ মাস হতে রাজবাড়ী সদর উপজেলার ১৪টি ইউনিয়নে ১২,৬০৩ টি কার্ডধারী পরিবারের জন্য প্রতি কেজি ১০/- টাকা মূল্যে প্রতিমাসে ৩০ কেজি করে চাল বিতরণের কার্যক্রম চলমান আছে। এছাড়া বিভাগের অন্যান্য কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে। | কার্যক্রম পরিচালনার ধারাবাহিকতা অব্যাহত রাখতে হবে। | উপজেলা খাদ্য নিয়ন্ত্রক, রাজবাড়ী সদর, রাজবাড়ী। |
| ১০ | উপজেলা আনসার ও ভিডিপি বিভাগ | উপজেলা আনসার ও ভিডিপি কর্মকর্তা, রাজবাড়ী সদর, রাজবাড়ী বলেন যে, তার বিভাগীয় কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে। | কার্যক্রম পরিচালনার ধারাবাহিকতা অব্যাহত রাখতে হবে। | উপজেলা আনসার ও ভিডিপি কর্মকর্তা, রাজবাড়ী সদর, রাজবাড়ী। |
| ১১ | উপজেলা পরিবার পরিকল্পনা বিভাগ | উপজেলা পরিবার পরিকল্পনা কর্মকর্তা, রাজবাড়ী সদর, রাজবাড়ী বলেন যে, অক্টোবর/২০২১ মাসে অত্র উপজেলায় মোট সক্ষম দম্পতি ৭২৮১৪ জন, গ্রহণকারী ৫৭৩৭৯ জন, গ্রহনকারীর হার ৭৮.৮০%, স্থায়ী পদ্ধতির পুরুষ ০৫ জন, মহিলা ১১ জন। মোট স্থায়ী পদ্ধতি ১৭ জন। দীর্ঘ মেয়াদী পদ্ধতির মধ্যে ইনজেকশন ১৩৬০ জন, আইইউডি ৭৩ জন। ইমপ্লান্ট ২৯ জন। আশ্রয়ন প্রকল্পে অক্টোবর/২০২১ মাসে মোট সক্ষম দম্পতির সংখ্যা ২৯ জন। সর্বমোট গ্রহনকারী ২৬ জন। গ্রহনকারীর হার ৮৯.৬৫%। মা ও শিশু স্বাস্থ্য কার্যক্রম সুষ্ঠুভাবে চলছে। এছাড়া দাপ্তরিক অন্যান্য কার্যক্রম স্বাভাবিকভাবে চলমান আছে । | কার্যক্রম পরিচালনার ধারাবাহিকতা অব্যাহত রাখতে হবে। | উপজেলা পরিবার পরিকল্পনা কর্মকর্তা, রাজবাড়ী সদর, রাজবাড়ী। |
| ১২ | উপজেলা যুব উন্নয়ন বিভাগ | উপজেলা যুব উন্নয়ন অফিসার, রাজবাড়ী সদর সভায় জানান যে, ২০২১-২২ অর্থ বছরে যুব ঋণ বিতরণ লক্ষ্যমাত্রা ৪৪,৫০,০০০/- টাকা, বিতরণ, অর্থ বছরে যুব ঋণ বিতরণ ৭,৩০,০০০/- টাকা, কিস্তি খেলাপী ২,৭৮,৩৯৪/- টাকা, ঋণ খেলাপী ৩,৯৫,৮৩৮/- টাকা, চলতি আদায়ের হার ৯৪%। এছাড়া বিভাগের কার্যক্রম স্বাভাবিকভাবে চলমান আছে। | কার্যক্রম পরিচালনার ধারাবাহিকতা অব্যাহত রাখতে হবে। | উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তা, রাজবাড়ী সদর, রাজবাড়ী। |
| ১৩ | উপজেলা সমবায় বিভাগ | উপজেলা সমবায় কর্মকর্তা, রাজবাড়ী সদর, রাজবাড়ী সভায় জানান যে, রুপপুর আশ্রয়ন প্রকল্পের ঋণের আসল আদায় ৯,৮০০/- টাকা, সুদ আদায় ৭৮৪/- টাকা, দয়ালনগর নারী উন্নয়ন সমবায় সমিতি লিমিটেডের আসল আদায় ২,৮৫,৭০০/- টাকা, সার্ভিস চার্জ আদায় ১২,০০০/- টাকা, আবর্তক ঋণ প্রদান ১১,০০,০০০/- এবং নাওডুবি নারী উন্নয়ন সমবায় সমিতি লিমিটেডের আসল আদায় ১,৫১,৬০০/- টাকা, সার্ভিস চার্জ আদায় ১২,০০০/- টাকা, আবর্তক ঋণ প্রদান ১১,০০,০০০/- । এছাড়া বিভাগের অন্যান্য কার্যক্রম স্বাভাবিকভাবে চলমান আছে। | কার্যক্রম পরিচালনার ধারাবাহিকতা অব্যাহত রাখতে হবে। | উপজেলা সমবায় কর্মকর্তা, রাজবাড়ী সদর, রাজবাড়ী। |
| ১৪ | উপজেলা মাধ্যমিক শিক্ষা বিভাগ | উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার, রাজবাড়ী সদর, রাজবাড়ী সভায় জানান যে, অক্টোবর মাসে বিজ্ঞান ও প্রযুক্তি জাদুঘরের অর্থায়নে বিজ্ঞান বিষয়ক কুইজ প্রতিযোগিতা ও ৬ষ্ঠ বিজ্ঞান অলিম্পিয়াড প্রতিযোগিতা অনুষ্ঠিত হয়। এনটিআরসিএ এর চাহিদা অনুযায়ী এই বছর নভেম্বর মাস পর্যন্ত যতগুলি শিক্ষকের পদ শূণ্য হবে তার তথ্য প্রেরণ করা হয়েছে। অত্র উপজেলায় স্কুল, কলেজ, মাদ্রাসা ও কারিগরি মিলে ১১০ জন শিক্ষকের চাহিদা প্রদান করা হয়েছে। স্বাস্থ্য বিভাগের সহায়তায় ২৩ থেকে ২৯ অক্টোবর পর্যন্ত সকল শিক্ষার্থীদের স্বাস্থ্য পরীক্ষা কার্যক্রম চলমান রয়েছে। ৩০ অক্টোবর থেকে ০৫ নভেম্বর সকল শিক্ষার্থীদের কৃমিনাশক ট্যাবলেট খাওয়ানো হবে। গত ১৬ অক্টোবর থেকে ২০ অক্টোবর পর্যন্ত সদর উপজেলায় ৮১ টি শিক্ষা প্রতিষ্ঠানে অনলাইন শিক্ষা জরিপ-২০২১ সম্পন্ন হয়েছে, এখন তথ্য যাচাইয়ের কাজ চলছে। কৈশরকালীন পুষ্টি কার্যক্রমের অংশ হিসেবে স্বাস্থ্য বিভাগের সহায়তায় ১৮,৮১০ জন ছাত্রীর জন্য ২,২৫,৭২০ টি ফলিক এসিড প্রতিষ্ঠান প্রধানদের কাছে হস্তান্তর করা হয়েছে। ২৩ অক্টোবর থেকে ৬০ জন শিক্ষকের ৩ দিন ব্যাপী ধারাবাহিক মূল্যায়নের উপর প্রশিক্ষণ শুরু হয়েছে। | কার্যক্রম পরিচালনার ধারাবাহিকতা অব্যাহত রাখতে হবে। | উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার, রাজবাড়ী সদর, রাজবাড়ী। |

| | | | | |
|---|---|---|---|---|
| | উপজেলা মাধ্যমিক শিক্ষা বিভাগ | ১২ থেকে ১৭ বছর বয়সী সকল শিক্ষার্থীকে কোভিড-১৯ এর ভ্যাকসিন প্রদানের লক্ষে নির্ধারিত ছকে তথ্য সংগ্রহের কাজ চলছে। তবে শিক্ষার্থীদের রেজিষ্ট্রেশনের জন্য অনলাইন জন্মনিবন্ধন লাগছে। অনলাইন জন্মনিবন্ধন যাতে সকল শিক্ষার্থী করতে পারে সে জন্য উপজেলা নির্বাহী অফিসার স্যার সহ সকল চেয়ারম্যানগণের সহায়তা কামনা করেন। সকল শিক্ষা প্রতিষ্ঠানে যথাযথ মর্যাদা ও ভাবগাম্ভীর্যের সাথে শেখ রাসেল দিবস ও ঈদ-ই মিলাদুন্নবী উদযাপিত হয়েছে। এছাড়া বিভাগের কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে। | | |
| ১৫ | উপজেলা জনস্বাস্থ্য বিভাগ | উপ-সহকারী প্রকৌশলী, জনস্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তর, রাজবাড়ী সদর, রাজবাড়ী সভায় বলেন যে, সমগ্রদেশে নিরাপদ পানি সরবরাহ প্রকল্পের ১ম পর্যায় ৩৬৪ টি নলকূপের মধ্যে ২৭৪ টি সম্পূর্ণ হয়েছে এবং ২য় পর্যায় ৩৬৪ টি নলকূপের মধ্যে ১৪৭ টি সম্পূর্ণ হয়েছে। জি.পি.এন এবং এনএন জি.পি.এস প্রকল্পে ৫টি ওয়াশ ব্লকের কাজ চলমান আছে। পিইডিপি প্রকল্পে ৬টি ওয়াশব্লকের কাজ চলমান। এছাড়া বিভাগের কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে। | কার্যক্রম পরিচালনার ধারাবাহিকতা অব্যাহত রাখতে হবে। | উপ-সহকারী প্রকৌশলী, জনস্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তর, রাজবাড়ী সদর, রাজবাড়ী। |
| ১৬ | উপজেলা পল্লী উন্নয়ন বিভাগ | উপজেলা পল্লী উন্নয়ন কর্মকর্তা, রাজবাড়ী সদর, রাজবাড়ী বলেন যে, বাংলাদেশ পল্লী উন্নয়ন বোর্ড (বিআরডিবি), রাজবাড়ী সদর উপজেলায় সরকারি ০৯ টি প্রকল্প/কর্মসূচি বাস্তবায়ন করা হচ্ছে। বর্ণিত প্রকল্প কর্মসূচির মধ্যে এডিবিভূক্ত ০৩ (তিন) টি প্রকল্পের কাজ চলমান রয়েছে। পিআরডিপি-৩ প্রকল্পের আওতায় চলতি ২০২০-২০২১ অর্থ বছরে এ পর্যন্ত ০২ (দুই)টি স্কীম বরাদ্দ পাওয়া গিয়ে ছিলো, যা ইতোমধ্যে বাস্তবায়ন করা হয়েছে। এছাড়া অন্যান্য কার্যক্রম স্বাভাবিকভাবে চলমান আছে। | কার্যক্রম পরিচালনার ধারাবাহিকতা অব্যাহত রাখবেন। | উপজেলা পল্লী উন্নয়ন কর্মকর্তা, রাজবাড়ী সদর, রাজবাড়ী। |
| ১৭ | উপজেলা দারিদ্র্য বিমোচন বিভাগ | উপজেলা দারিদ্র্য বিমোচন কর্মকর্তা, রাজবাড়ী সদর, রাজবাড়ী বলেন, তার বিভাগের ঋণ বিতরণ ৪৭.৯৫ লক্ষ টাকা, ঋণ আদায় হয়েছে ৩৩.৩২ লক্ষ টাকা, সঞ্চয় আদায় ৪.৩৫ লক্ষ টাকা, সদস্য ভর্তি ২৪ জন, আদায়ের হার ৯৪%। এছাড়া বিভাগের কার্যক্রম স্বাভাবিকভাবে চলমান আছে। | কার্যক্রম পরিচালনার ধারাবাহিকতা অব্যাহত রাখবেন। | উপজেলা দারিদ্র্য বিমোচন কর্মকর্তা, রাজবাড়ী সদর, রাজবাড়ী। |
| ১৮ | উপজেলা মহিলা বিষয়ক অধিদপ্তর | প্রোগ্রাম অফিসার, মহিলা বিষয়ক কর্মকর্তার কার্যালয়, রাজবাড়ী বলেন যে, তার বিভাগের কার্যক্রম স্বাভাবিকভাবে চলমান আছে। | কার্যক্রম পরিচালনার ধারাবাহিকতা অব্যাহত রাখবেন। | প্রোগ্রাম অফিসার, মহিলা বিষয়ক কর্মকর্তার কার্যালয়, রাজবাড়ী। |
| ১৯ | আমার বাড়ি আমার খামার প্রকল্প ও পল্লী সঞ্চয় ব্যাংক | উপজেলা সমন্বয়কারী, আমার বাড়ি আমার খামার প্রকল্প ও পল্লী সঞ্চয় ব্যাংক, রাজবাড়ী সদর, রাজবাড়ী সভায় জানান যে, অক্টোবর/২০২১ মাসে ঋণ বিতরণ ১৪৪.৭৮ লক্ষ টাকা, ঋন আদায় ১৫২.৭৮ লক্ষ টাকা, সঞ্চয় আদায় ৬.৬৩ লক্ষ টাকা ও আদায়ের হার ৭৯%। এছাড়া অন্যান্য কার্যক্রম স্বাভাবিকভাবে চলমান আছে। | কার্যক্রম পরিচালনার ধারাবাহিকতা অব্যাহত রাখবেন। | উপজেলা সমন্বয়কারী, আমার বাড়ি আমার খামার প্রকল্প ও পল্লী সঞ্চয় ব্যাংক, রাজবাড়ী সদর, রাজবাড়ী |

০৪। সভায় রাজবাড়ী সদর উপজেলাধীন ইউনিয়ন সমূহে নিম্নবর্ণিত প্রকল্পগুলো উপজেলা পরিষদের অর্থায়নে বাস্তবায়নের প্রস্তাব করা হয়। সভায় এ বিষয়ে বিস্তারিত আলোচনান্তে নিম্নবর্ণিত প্রকল্পসমূহ পিআইসি কমিটির মাধ্যমে ২০২১-২০২২ অর্থ বছরে উপজেলা পরিষদের উন্নয়ন তহবিলের অর্থায়নে বাস্তবায়নের সিদ্ধান্ত সর্বসম্মতিক্রমে গৃহীত হয় :

| ক্রঃ নং | প্রকল্পের নাম | প্রাক্কলিত মূল্য |
|---|---|---|
| ০১ | রাজবাড়ী সদর উপজেলার দুস্থ্য ও অসহায় নারীদের সেলাই মেশিন বিতরণ | ২,০০,০০০/- |
| ০২ | রঘুনাথপুর সরকারি প্রাথমিক বিদ্যালয় উন্নয়ন | ২,০০,০০০/- |
| ০৩ | বারাইজুরী গরীবশাহ দাখিল মাদ্রাসা উন্নয়ন | ২,০০,০০০/- |
| ০৪ | বানীবহ ইউনিয়নের বার্থা মৌজায় ভূমিহীনদের জন্য নির্মিত ১৫টি ঘরের পাশের মাটি ধসে পড়ার স্থানে বাঁশ দ্বারা প্যালাসাইটিং ও রাস্তা সংস্কার | ১,০০,০০০/- |

০৫। সভায় রাজবাড়ী সদর উপজেলা পরিষদ চত্বরে অবস্থিত রাস্তাটি ভেঙ্গে যাওয়ায় মেরামত করার প্রস্তাব করা হয়। সভায় এ বিষয়ে বিস্তারিত আলোচনান্তে রাজবাড়ী সদর উপজেলা পরিষদ চত্বরে সিসি রাস্তা মেরামত বাবদ ৫০,০০০/- (পঁঞ্চাশ হাজার) টাকার প্রকল্প পিআইসি কমিটির মাধ্যমে উপজেলা পরিষদ রাজস্ব তহবিলের অর্থায়নে বাস্তবায়নের সিদ্ধান্ত সর্বসম্মতিক্রমে গৃহীত হয়।

০৬। সভায় সিনিয়র উপজেলা মৎস্য কর্মকর্তা, রাজবাড়ী সদর, রাজবাড়ী বলেন, প্রতি বছর আশ্বিন (অক্টোবর) মাসের ভরা পূর্ণিমার সময় ইলিশের প্রধান প্রজনন মৌসুম হিসেবে রাষ্ট্রীয় ভাবে ঘোষণা করা হয়। সারা দেশের ন্যায় রাজবাড়ী সদর উপজেলায় ০৪/১০/২০২১-২৫/১০/২০২১ মেয়াদে ২২ (বাইশ) দিন জাতীয় মাছ ইলিশ সম্পদ সংরক্ষণ ও উন্নয়নে ব্যাপকভাবে কার্যক্রম বাস্তবায়ন করা হয়। এ কর্মসূচির জন্য যে বরাদ্দ প্রদান করা হয়েছে তা অপ্রতুল বিধায় তিনি এ কর্মসূচি সুষ্ঠুভাবে বাস্তবায়নের জন্য উপজেলা পরিষদের তহবিল হতে ১,০০,০০০/-(এক লক্ষ) টাকা বরাদ্দ প্রদানের জন্য অনুরোধ করেন। সভায় বিস্তারিত আলোচনান্তে মা ইলিশ রক্ষা অভিযান সুষ্ঠুভাবে বাস্তবায়নের লক্ষ্যে উপজেলা পরিষদের উন্নয়ন তহবিল হতে ৫০,০০০/- (পঁঞ্চাশ হাজার) টাকা বরাদ্দ প্রদানের সিদ্ধান্ত সর্বসম্মতিক্রমে গৃহীত হয়।

০৭। সভায় সম্পাদক, বাংলাদেশ স্কাউটস, রাজবাড়ী সদর, রাজবাড়ী এর উপজেলা স্কাউট এর বিভিন্ন প্রোগাম বাস্তবায়নের জন্য উপজেলা স্কাউট তহবিলে ১,০০,০০০/- (এক লক্ষ) টাকার অনুদান প্রদানের আবেদন পত্রটি সভায় উপস্থাপন করা হয়। উক্ত বিষয়ে সভায় বিস্তারিত আলোচনান্তে ২০২০-২০২১ অর্থ বছরে উপজেলা স্কাউট তহবিলে ২৫,০০০/- (পঁচিশ হাজার) টাকা অনুদান উপজেলা পরিষদের উন্নয়ন তহবিল হতে প্রদানের সিদ্ধান্ত সর্বসম্মতিক্রমে গৃহীত হয়।

০৮। সভায় উপজেলা নির্বাহী অফিসারের নতুন বাসভবনের পর্দা না থাকায় নতুন পর্দা ক্রয়ের প্রস্তাব করা হয়। সভায় এ বিষয়ে বিস্তারিত আলোচনান্তে উপজেলা নির্বাহী অফিসারের নতুন বাসভবনের পর্দা ক্রয় বাবদ ৫০,০০০/- (পঁঞ্চাশ হাজার) টাকার প্রকল্প পিআইসি কমিটির মাধ্যমে উপজেলা পরিষদ রাজস্ব তহবিলের অর্থায়নে বাস্তবায়নের সিদ্ধান্ত সর্বসম্মতিক্রমে গৃহীত হয়।

০৯। সভায় বাংলা ১৪২৭ সনে বানীবহ ০১ নং হাট-বাজার, বানীবহ পশুর হাট, কোলার হাট-বাজার, বেলগাছি দাদপুর হাট-বাজার, রশোড়া হাট-বাজারের ইজারা গ্রহিতাগণকে বারবার তাগিদ দেওয়া সত্ত্বেও ইজারামূল্যের ভ্যাট ও আয়কর জমা প্রদান করেননি বিধায় প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য প্রস্তাব জানানো হয়। সভায় উক্ত বিষয়ে বিস্তারিত আলোচনান্তে বাংলা ১৪২৭ সনে যে সকল হাট-বাজারের ইজারা গৃহীতাগণকে বারবার তাগিদ দেওয়া সত্ত্বেও ইজারামূল্যের ভ্যাট ও আয়কর জমা প্রদান করেননি তাদের বিরুদ্ধে সার্টিফিকেট মামলা রুজু করার সিদ্ধান্ত সর্বসম্মতিক্রমে গৃহীত হয়।

বাস্তবায়নে : উপজেলা নির্বাহী অফিসার, রাজবাড়ী সদর, রাজবাড়ী।

১০। সভায় বাংলা ১৪২৮ সনের জন্য রাজাপুর, কোলা পশুর হাট, খানগঞ্জ পুরাতন, নবগ্রাম, রশোড়া ও রামনগর হাট-বাজারসহ মোট ০৬ (ছয়) টি হাট-বাজারের অনুকূলে ০৩ বার দরপত্র আহবান সত্ত্বেও কোন দরপত্র দাখিল না হওয়ায় খাস আদায়ের কাযক্রম চলমান রয়েছে। বর্তমান মাস পর্যন্ত রাজাপুর হাট-বাজার ১৮,৭৬৪/- টাকা, কোলা পশুর হাট ১৪,৯১৫/- টাকা, খানগঞ্জ পুরাতন হাট-বাজার ৩৫,৪০০/- টাকা, নবগ্রাম হাট-বাজার ১১,১৩৪/- টাকা, রশোড়া হাট-বাজার ৬৭৫/- টাকা আদায় হয়েছে এবং রামনগর হাটের কোন খাস আদায় হয়নি। এক্ষণে, উক্ত হাটসমূহে খাস আদায় কার্যক্রম চলমান থাকবে কি-না অথবা পুনরায় ইজারা কার্যক্রম গ্রহণ করা হবে কি-না সে বিষয়ে সদয় নির্দেশনা চেয়ে জেলা প্রশাসক, রাজবাড়ী মহোদয় বরাবর পত্র প্রেরণের প্রস্তাব করা হয়। এ বিষয়ে সভায় বিস্তারিত আলোচনান্তে উক্ত বিষয়ে সদয় নির্দেশনা চেয়ে জেলা প্রশাসক, রাজবাড়ী মহোদয় বরাবর পত্র প্রেরণের সিদ্ধান্ত সর্বসম্মতিক্রমে গৃহীত হয়।

১১। <u>বিবিধ :</u>

(ক) উপজেলা পরিষদের ব্যয় সংক্রান্ত :

গত মাসে উপজেলা পরিষদের রাজস্ব তহবিল হতে নিম্নরূপভাবে ব্যয় করা হয়েছে -

| | |
|---|---|
| উপজেলা পরিষদের মালীর সেপ্টেম্বর/২০২১ মাসের বেতন ভাতা বাবদ - | ১৭,০৫০/- টাকা |
| উপজেলা পরিষদের পরিচ্ছন্নকর্মীর সেপ্টেম্বর /২০২১ মাসের বেতন ভাতা বাবদ - | ১৭,০৫০/- টাকা |

সিদ্ধান্ত : রাজস্ব তহবিল খরচ সংক্রান্ত নীতিমালার আলোকে উক্ত বিল পরিশোধের বিষয়টি অনুমোদন করা হয়।

বাস্তবায়নে : উপজেলা নির্বাহী অফিসার, রাজবাড়ী সদর, রাজবাড়ী।

(খ) উপজেলা পরিষদের পানির পাম্প ও লাইন মেরামতের মালামাল সরবরাহ এবং মুজুরী বাবদ ২৫,০০০/- (পঁচিশ হাজার) টাকার বিল, উপজেলা নির্বাহী অফিসারের বাসভবনের পিছনের আগাছা, জঙ্গল পরিস্কার পরিচ্ছন্নতা, মাটি সমান ও বর্জ্য অপসারণ করণের জন্য লেবার খরঁচ বাবদ ২৫,০০০/- (পঁচিশ হাজার) টাকার বিল, উপজেলা পরিষদের ও ইউএনও অফিসের কাঠের টেবিল ও চেয়ার ভেঙ্গে যাওয়ায় জনগণের ভোগান্তির কারণে কাঠের টেবিল ও চেয়ার মেরামত ও রং করণ বাবদ ২৫,০০০/- (পঁচিশ হাজার) টাকার বিল, ইউএনও অফিসের ফটোকপি মেশিন নষ্ট হওয়ায় দাপ্তরিক কাজে বিঘ্ন সৃষ্টি হচ্ছে এবং জন্ম নিবন্ধন কার্যক্রম অন্যান্য সেবা প্রদানের ভোগান্তি সৃষ্টি হচ্ছিল বিধায় ফটোকপি মেশিন মেরামত বাবদ ২৫,০০০/- (পঁচিশ হাজার) টাকার বিল ও উপজেলা পরিষদের পুরাতন ভবনের সমাজসেবা অফিসের বাথরুম ব্যবহারে অনুপোযোগী হওয়ায় নষ্ট হয়ে পড়েছিল বিধায় বাথরুম মেরামতের মালামাল সরবরাহ বাবদ ২৫,০০০/- (পঁচিশ হাজার) টাকার বিল অনুমোদনের জন্য সভায় উপস্থাপন করা হয়। এ বিষয়ে সভায় বিস্তারিত আলোচনান্তে উক্ত বিলগুলো অনুমোদনের সিদ্ধান্ত সর্বসম্মতিক্রমে গৃহীত হয়।

সভায় মাননীয় জাতীয় সংসদ সদস্য ও উপজেলা পরিষদের সম্মানিত উপদেষ্টা জনাব আলহাজ্ব কাজী কেরামত আলী উপস্থিত সকলকে আন্তরিক শুভেচ্ছা জানান। তিনি বলেন যে, গত বছরের চেয়ে এবার জনসাধারণ সচেতন হওয়ায় করোনার প্রকপ অনেকাংশ কমে গেছে। তিনি বলেন যে, সারা দেশে ০৪/১০/২০২১-২৫/১০/২০২১ মেয়াদে ২২ (বাইশ) দিন জাতীয় মাছ ইলিশ সম্পদ সংরক্ষণ ও উন্নয়নে ব্যাপকভাবে কার্যক্রম বাস্তবায়ন করা হয়। সে লক্ষ্যে রাজবাড়ী জেলায় গত বারের চেয়ে এবার জেলেরা নদীতে কম নেমেছে। সাধারণ জনগণ যাতে কম দামে ইলিশ খেতে পারে সে ব্যাপারে সরকার বিভিন্ন উদ্যোগ গ্রহণ করেছেন। তিনি আরও বলেন যে, কুমিল্লায় শারদীয় দূর্গাপূর্জা মন্ডপে জনৈক ইকবাল নামীয় যে লোকটি কোরআন শরীফ রেখে ছিলো তা সিসি ক্যামেরায় ধরা পড়েছে। ধর্মীয় সম্প্রতিকে নষ্ট করার জন্য বিএনপি ও জামায়ত সরকার এই ঘটনাকে কেন্দ্র করে রংপুর, নোয়াখালীসহ বিভিন্ন জায়গায় সংখ্যালঘুদের উপর হামলা করেন। এ সব কাজ করে সরকারকে বদনাম করা হচ্ছে এবং সরকারকে বেকায়দায় ফেলানোর চেষ্টা করা হচ্ছে। যারা এ সকল ঘটনার সাথে জড়িত তাদেরকে তিনি দৃষ্টান্তমূলক শাস্তির দাবী জানান। উপজেলার সকল কর্মকর্তাকে সঠিকভাবে দায়িত্ব পালন করতে হবে। তিনি আরও বলেন, মানুষ যাতে সেবার জন্য এসে ভোগান্তির শিকার না হয় সে ব্যাপারে সবাইকে লক্ষ্য রাখতে হবে। তিনি সকলকে আন্তরিকভাবে সুষ্ঠু সমন্বয়েরর মাধ্যমে দায়িত্ব পালনের নির্দেশনা প্রদান করেন।

সভাপতি বলেন যে, রাজবাড়ী-১ আসনের মাননীয় জাতীয় সংসদ সদস্য ও সাবেক শিক্ষা প্রতিমন্ত্রী এবং উপজেলা পরিষদের উপদেষ্টা জনাব আলহাজ্ব কাজী কেরামত আলী মহোদয় সভায় উপস্থিত হয়ে সভাকে সাফল্য মন্ডিত করেছে। তিনি সভায় উপস্থিত থাকলে নীতি নির্ধারক হিসেবে বিভিন্ন সিদ্ধান্ত বাস্তবায়নে সহজতর হয়। সভায় আর কোন আলোচনা না থাকায় সভাপতি উপস্থিত সকল বিভাগীয় কর্মকর্তা এবং জনপ্রতিনিধিগণকে জনস্বার্থে নিজ নিজ ক্ষেত্রে নিষ্ঠা ও আন্তরিকতার সাথে কাজ করার আহবান জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।

(মোঃ ইমদাদুল হক বিশ্বাস)
চেয়ারম্যান
উপজেলা পরিষদ
রাজবাড়ী সদর, রাজবাড়ী।
ও
সভাপতি
উপজেলা পরিষদ সভা।

স্মারক নং-০৫.৩০.৮২৭৬.০১৮.০০.০৭.০০২.২০২১- ১৪৬০(৫০)

তারিখ : ২৪/১০/২০২১ খ্রিঃ।

অনুলিপি : সদয় জ্ঞাতার্থে

০১। সিনিয়র সচিব, স্থানীয় সরকার বিভাগ, স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।

০২। মাননীয় জাতীয় সংসদ সদস্য, রাজবাড়ী-১ ও উপদেষ্টা, উপজেলা পরিষদ, রাজবাড়ী সদর, রাজবাড়ী।

০৩। জেলা প্রশাসক, রাজবাড়ী।

অনুলিপি : জ্ঞাতার্থে ও কার্যার্থে

০৪-৫০ । ............................................................

............................................................

রাজবাড়ী সদর, রাজবাড়ী।

২৪।১০।২১

উপজেলা নির্বাহী অফিসার
রাজবাড়ী সদর, রাজবাড়ী।